

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা শাখা
মির্জাপুর, টাঙ্গাইল।

স্মারক নং : ৫১.০১.৯৩৬৬.০০০.৪২.০৯১.১৯.১৬৬ (১৪)

তারিখ : ০৭/০৫/২০১৯ খ্রিঃ।

বিষয় : গৃহহীনদের জন্য নগদ টাকায় দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ এর জন্য উপকারভোগীর তালিকা দাখিল প্রসংগে।

সূত্র : ৫১.০০.০০০০.৪২২.১৪.০৯০.১৯.২০২ তারিখ ১৮/০৪/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রে পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির বিশেষ বরাদ্দ দ্বারা গ্রামীণ দরিদ্র গৃহহীন জনগোষ্ঠীর জন্য দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। সংযুক্ত ছক মোতাবেক তার ইউনিয়ন হতে গৃহ নির্মাণের জন্য অনুদান পাওয়ার যোগ্য সুবিধাভোগী নির্বাচনের নিয়মাবলী অনুসরণ পূর্বক ৫(পাঁচ) জন উপকারভোগীর তালিকা আগামী ১২/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে দাখিল করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ক) দরিদ্র গৃহহীন পরিবার যাদের কমপক্ষে ৮০০ বর্গফুট (প্রায় দুই শতাংশ জমি) পরিমাণ জমি রয়েছে অথবা উক্ত পরিমাণ জমি দান/লীজ অথবা স্থানীয় প্রশাসন কর্তৃক প্রাপ্ত হয়ে থাকলে সে সকল পরিবার উক্ত কর্মসূচির আওতাভুক্ত হবেন।

খ) জমির সংস্থান সাপেক্ষে গৃহহীন হিজড়া, বেদে, বাউল, আদিবাসী/ ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রভৃতি সম্প্রদায় এ কর্মসূচির আওতায় আসবে।

গ) গৃহহীন অস্বচ্ছল মুক্তিযোদ্ধা পরিবার, নদীভাঙ্গনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে গৃহহীন পরিবার, বিধবা/তালাকপ্রাপ্ত মহিলা, প্রতিবন্ধীব্যক্তি ও পরিবারে উপার্জনের সদস্য নেই এমন পরিবার অগ্রাধিকার প্রাপ্ত হবে।

প্রাপকঃ চেয়ারম্যান, (সকল)

..... ইউনিয়ন পরিষদ,

মির্জাপুর, টাঙ্গাইল।



(মোঃ আবদুল মালেক)

উপজেলা নির্বাহী অফিসার,

মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখ : ০৭/০৫/২০১৯ খ্রিঃ।

স্মারক নং : ৫১.০১.৯৩৬৬.০০০.৯৭.০৯১.১৬ .

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, টাঙ্গাইল।
- ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার,

মির্জাপুর, টাঙ্গাইল।